৩০/৭/২০০৮

# ভোরের কাগজ

তারিখ ------
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

রা.বি. হলে ছাত্রী লাঞ্ছনা

## তদন্তের দাবিতে মুন্নুজান হলে ছাত্রীদের বিক্ষোভ, ভাঙচুর

রা.বি. প্রতিনিধি : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মুন্নুজান হলে ছাত্রীর শ্লীলতাহানীর চেষ্টার ঘটনায় গঠিত তদন্ত কমিটির কার্যক্রম স্থগিত করাকে কেন্দ্র করে গত শনিবার রাতে মুন্নুজান হলে ব্যাপক বিক্ষোভ ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এ ঘটনাকে কেন্দ্র করে রা.বি.র সমস্ত হলের ছাত্রীরা বিক্ষুব্ধ হয়ে উঠেছে। কর্তৃপক্ষ এ বাপারে নতুন তদন্ত কমিটি গঠন করেছে।

হলের আবাসিক ছাত্রীদের কাছ থেকে জানা যায় গত ২৬ তারিখে হলের ভেতর প্রথম বর্ষের এক ছাত্রীর শ্লীলতাহানীর চেষ্টার ঘটনায় গঠিত তদন্ত কমিটির কার্যক্রম কমিটির সদস্য হল প্রভোস্ট অমল কৃষ্ণ সরকার পদত্যাগ করায় স্থগিত হয়ে যায়।

এ তথ্য ছাত্রীদের মাঝে ছড়িয়ে পড়লে তারা পূর্ব পরিকল্পনা অনুসারে গত শনিবার রাত ৮টা থেকে হল প্রভোস্টের কার্যালয়ের সামনে একত্রিত হয়ে স্লোগান দিতে থাকে। একপর্যায়ে বিক্ষুব্ধ ছাত্রীরা হল প্রভোস্টের কার্যালয়, হাউস টিউটরের অফিস কক্ষসহ অন্যান্য কক্ষের ব্যাপক ক্ষতি সাধন করে। এ সময় ৩ জন ছাত্রী কাচের আঘাতে আহত হয় বলে জানা যায়। এদের মধ্যে একজনকে রাজশাহী মেডিকেলে নেওয়া হয়। ছাত্রীদের বিক্ষোভ ও ভাঙচুরের খবর পেয়ে রা.বি. প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত হয়ে ছাত্রীদের দাবি মানার আশ্বাস দেওয়ায় পরিস্থিতি শান্ত হয়ে আসে।

এদিকে আগের কর্মসূচি অনুযায়ী গতকাল সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের ৪টি হলের ছাত্রীরা একত্রিত হয়ে প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ ও উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করলে উপাচার্য নতুন করে কলা অনুষদের ডিনকে আহ্বায়ক করে ৪ সদস্যের তদন্ত কমিটি গঠন করেন।